তারিখ ... 23 MAY 1983
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৬ ...

আজকের কাগজ

# আজ ঢাকা বিশ্ববিদ্যালয়ে বিশেষ সমাবর্তন

- অধ্যাপক সালামকে বিশেষ সম্মানে ভূষিত করা হচ্ছে
- ছাত্রলীগ ও গণতান্ত্রিক ছাত্রঐক্য বিক্ষোভ করবে
- বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার পর এ পর্যন্ত ৩২ জনকে সম্মানসূচক ডিগ্রী প্রদান

**কাগজ প্রতিবেদক :** বিশ্বখ্যাত বিজ্ঞানী নোবেল পুরস্কার বিজয়ী প্রফেসর আবদুস সালাম আজ ঢাকা বিশ্ববিদ্যালয়ে আসছেন। ঢাকা বিশ্ববিদ্যালয় আজ তাঁকে বিশেষ সমাবর্তন অনুষ্ঠানের মাধ্যমে ডক্টর অব সায়েন্স উপাধিতে ভূষিত করবে। প্রধানমন্ত্রী ও চ্যান্সেলর বেগম খালেদা জিয়া চ্যান্সেলরের ভাষণ দেবেন। ঢাকা বিশ্ববিদ্যালয় ১৯২১ সালে প্রতিষ্ঠার পর এ পর্যন্ত ৩২ জনকে সম্মানসূচক ডিগ্রী প্রদান করেছে।

সমাবর্তন অনুষ্ঠান শুরু হবে সকাল ১০টায়। কার্জন হলের পেছনে রসায়ন বিভাগের সামনে থেকে বিশেষ সমাবর্তনের শোভাযাত্রা শুরু হবে। শোভাযাত্রার অগ্রভাগে থাকবেন কনিষ্ঠতম লেকচারার। এরপর এসিস্ট্যান্ট প্রফেসর, এ্যাসোসিয়েটেড প্রফেসর, চেয়ারম্যান, বিশ্ববিদ্যালয় বহির্ভূত সদস্যরা, প্রফেসর, প্রফেসর ইমেরিটস। এরপর দু'সারিতে থাকবেন সিনেট সদস্য, সিন্ডিকেট সদস্য ও একাডেমিক কাউন্সিলের সদস্যরা, তারপর থাকবেন রেজিস্ট্রার, কোষাধ্যক্ষ, উপ-উপাচার্য, উপাচার্য। চ্যান্সেলর থাকবেন শোভাযাত্রার শেষে, বিশেষ সমাবর্তন অনুষ্ঠানে প্রফেসর আব্দুস সালামের ওপর "সাইটেশন" পাঠ করবেন উপাচার্য অধ্যাপক এমাজউদ্দিন আহমদ। কার্জন হল মিলনায়তনে বিশেষ সমাবর্তন অনুষ্ঠান চলবে দুপুর ১টা পর্যন্ত।

এদিকে বাংলাদেশ ছাত্রলীগ (ম-ই) ও গণতান্ত্রিক ছাত্রঐক্য প্রফেসর সালামকে ঢাকা বিশ্ববিদ্যালয়ে স্বাগত জানালেও প্রধানমন্ত্রী খালেদা জিয়ার আগমনকে মেনে নেয়নি। ছাত্রলীগ আজ কার্জন হল অভিমুখে মিছিল করবে। গণতান্ত্রিক ছাত্রঐক্য কালো পতাকা প্রদর্শন ও বিক্ষোভ কর্মসূচি ঘোষণা করেছে। ছাত্রঐক্য ফোরামও বিক্ষোভ করবে।

গতকাল ঢাকা বিশ্ববিদ্যালয় অপরাজেয় বাংলার পাদদেশে বাংলাদেশ ছাত্রলীগ (ম-ই) এক প্রতিবাদ সমাবেশের আয়োজন করে। সমাবেশে বক্তব্য রাখেন মঈনউদ্দিন হাসান চৌধুরী, ইকবালুর রহিম ইকবাল, খিজির হায়াত লিজু। বক্তারা বলেন, স্বৈরাচারী শাসনামলে ছাত্র সমাজের ১০ দফার জন্যে তিন শতাধিক নেতা-কর্মী প্রাণ দিয়েছে। কালো অক্ষরে লেখা ১০ দফা রক্তে লাল হয়ে গেছে। অথচ বর্তমান সরকার আজো তা বাস্তবায়ন করছে না। সমাবেশ শেষে উপাচার্যের কাছে স্মারকলিপি পেশ করা হয়। এ সময় উপাচার্যের অফিসের সামনে বক্তব্য রাখেন পংকজ দেবনাথ ও স্মারকলিপি পাঠ করেন মাহবুবুল হক শাকিল।

গণতান্ত্রিক ছাত্রঐক্যের প্রতিবাদ সমাবেশ অনুষ্ঠিত হয় কার্জন হলের কাছে। এতে বক্তব্য রাখেন রাগিব আহসান মুন্না, রাজেকুজ্জামান রতন ও আবু আসলাম মিন্টু। বক্তারা প্রফেসর সালামকে স্বাগত জানিয়ে বলেন, রক্তস্নাত বিশ্ববিদ্যালয়ে ১০ দফা বাস্তবায়ন, বিশেষ ট্রাইব্যুনালে গোলাম আযমের বিচার ও গণ নির্যাতনের বিচারের অঙ্গীকার ছাড়া প্রধানমন্ত্রীর আগমন অভিপ্রেত নয়।